দর্শনায় ফেনসিডিলসহ পরানপুরের রনি গ্রেফতার

দর্শনা থানা পুলিশ মাদক বিরোধেী অভিযান চালিয়ে ২০ বোতল ভারতীয় ফেনসিডিলসহ রাফিজ হোসেন ওরফে রনি (২৬)কে গ্রেফতার করেছে। সে দর্শনা পৌরসভার পরানপুর গ্রামের ইউনুচ আলীর ছেলে।

আজ বুধবার রাত সাড়ে ৭ টার দিকে দর্শনা থানার অফিসার ইনচার্জ বিপ্লব কুমার সাহার নেতৃত্বে অভিযান চালায় দর্শনা কাষ্টমস গেটের সামনে। এ সময় দর্শনা থানার এসআই সুজন আলী, এএসআই মামুনুর রহমান, এএসআই মারুফুল ইসলাম গোপন সংবাদের ভিত্তিতে অভিযান চালিয়ে মোটরসাইকেলসহ ২০ বোতল ফেনসিডিল উদ্ধার করে।

এ ঘটনায় দর্শনা থানার এস আই সুজন বাদি হয়ে গ্রেফতারকৃত আসামীর বিরুদ্ধে দর্শনা থানায় মামলা রুজু করেছে।

আজ বুধবার তাকে মাদক আইনে মামলাসহ চুয়াডাঙ্গা কোর্ট হাজতে প্রেরন করেছে।

চুয়াডাঙ্গা-২ আসনে সরকারের উন্নয়নের কর্মকান্ড তুলে ধরতে হাশেম রেজার পথসভা

চুয়াডাঙ্গা-২ নির্বাচনী এলাকার নৌকার মনোনয়ন প্রত্যাশি জাতীয দৈনিক পত্রিকার সম্পাদক প্রকাশক হাশেম রেজা বলেছেন জাতীর জনক ববঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমানের যোগ্য উত্তরসুরি বাংলাদেশ আওয়ামীলীগের সভাপতি জননেত্রী শেখ হাসিনা বাংলাদেশে যে উন্নয়ন সহযোগিতা করেছেন এবং যেসব জনমানব উন্নয়ন মুলক কাজ করে বিশ্ববাসিকে তাক লাগিয়ে দিয়েছেন সে কারনেই এ দেশের আমজনতা পাফাটা মানুষ ফের শেখ হাসিনাকে প্রধানমন্ত্রী নির্বাচিত করে বাংলার

মসনদে বসাবে ইনসাল্লাহ।

বাংলাদেশ আওয়ামীলীগের কেন্দীয় উপ কমিটির ত্রান ও সমাজকল্ল্যান বিষয়ক সদস্য হাশেম রেজা আজ বুধবার দর্শনা থানার রাঙিয়ারপোতা গ্রামের স্কুলপাড়ার এক পথসভায় প্রধান অতিথির বক্তব্যে তিনি এ কথা বলেন।

তিনি আরো বলেন বর্তমান প্রধানমন্ত্রী শেখ হাসিনা বাংলার মানুষের কল্যানের জন্য যে কত দফায় ভাতা প্রদান করেছেন তা যেন একটি বিশ্ব রেকর্ড।যে মানুষটি প্রতিনিয়ত বাংলার জনগনের জন্য চিন্তা চেতনায় বিভোর হয়ে থাকে,দেশ উন্নয়নে বিরামহীনভাবে কাজ করে যাচ্ছেন,বিশ্বকে অবাক করে চ্যালেন্জকরে পদ্মাসেতুরমত ব্রীজ নির্মান করেছেন,যা সহজ ব্যাপার নয়।

ঐদিন পথসভায় বেগমপুর ইউনিয়ন যুবলীগ নেতা ও রাঙিয়ারপোতা গ্রামের কৃতি সন্তান মোঃ ওবায়দুর রহমানের সভপতিত্বে প্রধান অতিথির বক্তব্যে তিনি এ সব কথা বলেন। আমি আপনাদের সন্তান আমি প্রধানমন্ত্রী শেখ হাসিনার জন্য নৌকা মার্কায় ভোট ভিক্ষা ভোট প্রার্থনা করছি,এবং আমি কথা দিচ্ছি চুয়াডাঙ্গা-২ নির্বাচনী এলাকায় মাননীয় প্রধানমন্ত্রী যাকেই নৌকা প্রতিক দিবেন তার সাথে থেকে অবশ্যই নৌকাকে জিতিয়ে নিয়ে যাবোই যাব। এ সময় আওয়ামীলীগ নেতা সরফরাজ, শরিফ উদ্দিন,বীর মুক্তিযোদ্ধা রেজাউল করিম,কলেজ ছাত্রলীগ নেতা নাসির উদ্দিন ও সাদ্দাম হোসেন বক্তব্যে রাখেন।

চুয়াডাঙ্গায় নৌকার পক্ষে যুব মহিলা লীগের উঠান বৈঠক ও গণসংযোগ

চুয়াডাঙ্গায় নৌকার পক্ষে যুব মহিলা লীগের উঠান বৈঠক ও গণসংযোগ অনুষ্ঠিত হয়েছে। আজ বুধবার বিকাল সাড়ে চারটার সময় চুয়াডাঙ্গা আলমডাঙ্গা উপজেলার বড় গাংনী ইউনিয়ন যুব মহিলা লীগের সভাপতি ও ইউপি সদস্য ফেরদৌসী মেম্বারের আয়োজনে উঠান বৈঠক ও নৌকার পক্ষে

গণসংযোগ করেন চুয়াডাঙ্গা জেলা যুব মহিলা লীগের সভাপতি ও আগামী দ্বাদশ জাতীয় সংসদ নির্বাচনে চুয়াডাঙ্গা-১ আসনের নৌকার মনোনয়ন প্রত্যাশি একমাত্র মহিলা নেত্রী আফরোজা পারভীন।

এ সময় তিনি গণসংযোগের সময় সরকারের উন্নয়ন কাজের চিত্র তুলে ধরে লিফলেট বিতরণ করেন এবং তিনি বলেন আগামী দ্বাদশ জাতীয় সংসদ নির্বাচনটি ইতিহাসের সবচেয়ে গুরুত্বপূর্ণ নির্বাচন। বাংলাদেশে চলমান উন্নয়নের ধারা অব্যাহত থাকবে নাকি জঙ্গিবাদ তালেবানদের হাতে যাবে সেটি নির্ধারণ হবে এ নির্বাচনে।

এ সময় তিনি আরও বলেন, যদি মাটি ও পতাকাকে ভালোবাসেন তাহলে নৌকা মার্কায় ভোট দিয়ে শেখ হাসিনাকে আবারো ক্ষমতায় আনতে হবে।

এ সময় উপস্থিত ছিলেন চুয়াডাঙ্গা জেলা যুব মহিলা লীগের সহ-সভপতি পূর্ণিমা হালদার,যুগ্ম সাধারণ সম্পাদক আলিজা খাতুন,সদর উপজেলা যুব মহিলা লীগের সভাপতি-কাজলী আক্তার, সাংগঠনিক সম্পাদক সপ্না খাতুন চিনি, দামুড়হুদা উপজেলা ভাইস চেয়ারম্যান শাহেদা খাতুন ,আলমডাঙ্গা উপজেলার যুব মহিলা লীগের সভাপতি মনিরা খাতুন,সাধারণ সম্পাদক জাহানারা খাতুন, চুয়াডাঙ্গা পৌর ৯নং ওয়ার্ড সভাপতি-আরজিনা খাতুন, সাধারণ সম্পাদক বেবি, সাংগাঠনিক সম্পাদক মিতা রানী, ৬ নং ওয়ার্ড সভাপতি রুপালি, সাধারণ সম্পাদক ফাহিমা, ২নং ওয়ার্ড কমিটির অর্থ সম্পাদক শিউলি খাতুন, ছাত্রলীগ ও যুবলীগের নেতৃবৃন্দ রাতুল, সাকিব শেখ, মাহফুজ, আকাশ,কুতুব, রিপন,শাওন, সিফাত,জিরান,সেজান ও আওয়ামী লীগের নেতৃবৃন্দ সহ চুয়াডাঙ্গা জেলা ও আলমডাঙ্গা উপজেলা যুব মহিলা লীগের নেতৃবৃন্দ।

আলমডাঙ্গায় নারী মাদক বিক্রেতার ১ বছরের কারাদণ্ড

আলমডাঙ্গার বেলগাছি বাগান-পাড়া গ্রামে পারভিনা খাতুন (৩৯) নামের এক মাদক বিক্রেতাকে ১ বছরের কারাদণ্ড দিয়েছেন ভ্রাম্যমাণ আদালত। আজ বুধবার বিকেলে উপজেলা সহকারী কমিশনার (ভূমি) রেজওয়ানা নাহিদ এ কারাদণ্ড দেন।

দণ্ডপ্রাপ্ত পারভিনা খাতুন উপজেলার বেলগাছি বাগানপাড়ার আবুল হোসেনের স্ত্রী।

জেলা মাদকদ্রব্য নিয়ন্ত্রণ কার্যালয়ের উপ-পরিদর্শক শরিয়তুল্লাহ জানান, উপজেলার বেলগাছি বাগানপাড়া গ্রামে মাদক বেচাকেনা হচ্ছে-এমন গোপন সংবাদের ভিত্তিতে ওই এলাকায় অভিযান চালানো হয়। এ সময় সেখান থেকে ৫০০ গ্রাম গাঁজাসহ পারভিনা খাতুনকে আটক করা হয়।

পরে তাকে ভ্রাম্যমাণ আদালতে হাজির করা হলে উপজেলা নির্বাহী সহকারী কমিশনার (ভূমি) রেজওয়ানা নাহিদ ১ বছরের বিনাশ্রম কারাদণ্ড দেন।

দামুড়হুদা উপজেলা প্রশাসনের সাবেক নাজির ফারুকের বিষপানে আত্মহনন

দামুড়হুদা উপজেলা প্রশাসনের সাবেক নাজির ওমর ফারুক বিষপানে আত্মহত্যা করেছেন। আজ বুধবার সকাল ৬ টার দিকে ঢাকা মেডিকেল কলেজ হাসপাতালে চিকিৎসাধীন অবস্থায় তিনি মারা যায়। আত্মহত্যাকারী ওমর ফারুক (৫০) দামুড়হুদা উপজেলার হাউলী ইউনিয়নের পুরাতন বাস্তপুর গ্রামের মৃত লুৎফর আলীর ছেলে।

জানাগেছে, দামুড়হুদা উপজেলা প্রশাসনের সাবেক নাজির ও বদলী সুত্রে বর্তমানে চুয়াডাঙ্গা জেলা প্রশাসকের কার্যালয়ে অফিস সহকারী কাম-কম্পিউটার মুদ্রাক্ষরিক ওমর ফারুক এর বিরুদ্ধে ৯৮ লক্ষ ৪৮ হাজার ৮০০ টাকার চেক জালিয়াতি করে অর্থ আত্মসাৎ এর অভিযোগ উঠে। দামুড়হুদা উপজেলায় কর্মরত থাকা অবস্থায় বিভিন্ন সময় চেক জালিয়াতি করে এত টাকা উত্তোলন করেন।

কিন্তু এতোগুলা টাকার কোন হিসাব দিতে না পারায় উপজেলা সহকারী প্রশাসনিক কর্মকতা মোঃ আশরাফুল ইসলাম ঊর্ধ্বতন কর্মকর্তার নির্দেশে বাদী হয়ে গত ১১-০৯-২০২৩ ইং তারিখ রোজ সোমবার

দামুড়হুদা মডেল থানায় ওমর ফারুকের বিরুদ্ধে একটি মামলা দায়ের করেন।

বিষয়টি জানতে পেরে ওমর ফারুক গত মঙ্গলবার সকাল ৯ টার দিকে চুয়াডাঙ্গা অফিসে যাওয়ার পথে ঘাস মারা বিষ খায়। সঙ্গে সঙ্গে তাকে উদ্ধার করে এলাকার লোকজন ও তার আত্মীয়স্বজন চুয়াডাঙ্গা সদর হাসপাতালে ভর্তি করেন। তার অবস্থা ভালো না দেখে কর্তব্যরত ডাক্তার দ্রুত ঢাকা মেডিকেলে রেফার্ড করেন। আজ ভোর ৬ টার দিকে তিনি ঢাকা মেডিকেল হাসপাতালে চিকিৎসাধীন অবস্থায় মৃত্যুবরণ করে। লাশ বর্তমানে ঢাকা মেডিকেল হাসপাতালে আছে।

এবিষয়ে ওমর ফারুকের পরিবারের সাথে যোগাযোগ করার চেষ্টা করলে এই প্রতিবেদক ব্যর্থ হয়। এবিষয়ে দামুড়হুদা মডেল থানার অফিসার ইনচার্জ ওসি আলমগীর কবীর বলেন, এবিষয়ে ঢাকা সাহাবাগ থানায় একটি অপমৃত্যু মামলা দায়ের হয়েছে।

চুয়াডাঙ্গায় খালা শাশুড়ী হত্যা মামলায় একজনের যাবজ্জীবন কারাদণ্ড

চুয়াডাঙ্গার দামুড়হুদা উপজেলায় কলাবাড়ি দক্ষিণ পাড়ায় খালা শাশুড়ী শাহিদা খাতুন (৪৫) হত্যা মামলায় রবিউল ইসলাম নামের একজনকে যাবজ্জীবন কারাদন্ড দিয়েছেন আদালত। একই সাথে ২০ হাজার টাকা জরিমানা অনাদায়ে আরো ৬ মাসের সশ্রম কারাদন্ড প্রদান করা হয়।

আজ বুধবার দুপুর তিনটার দিকে চুয়াডাঙ্গা অতিরিক্ত জেলা ও দায়রা জজ দ্বিতীয় আদালতের বিচারক মোহাম্মদ মাসুদ আলী আসামীর উপস্থিতিতে ওই রায় দেন। নিহত শাহিদা খাতুন রনি চুয়াডাঙ্গার দামুড়হুদা উপজেলার কলাবাড়ি দক্ষিন পাড়ার রেজাউল ইসলামের স্ত্রী।

মামলা সূত্রে জানা গেছে, ২০০৯ সালের ৬ এপ্রিল রাত আনুমানিক সাড়ে ১২ দিকে পূর্ব শত্রুতার জের ধরে আসামী রবিউল ইসলাম শাহিদা

খাতুনকে ধারালো অস্ত্র দিয়ে এলোপাতাড়ি কুপিয়ে আহত করে। পরে স্বজনরা শাহিদা খাতুনকে উদ্ধার করে চুয়াডাঙ্গা সদর হাসপালতালে নিলে কর্তব্যরত চিকিৎসক তাকে মৃত ঘোষনা করেন। এঘটনায় নিহতের ভাই হাফেজ আ: মতিন বাদী হয়ে ওই দিন সকালে রবিউল ইসলামকে একমাত্র আসামী করে চুয়াডাঙ্গার দামুড়হুদায় একটি হত্যা মামলা দায়ের করেন।

মামলাটি গভীর তদন্ত শেষে একই বছর ৪ জুলাই একমাত্র রবিউল ইসলাকে আসামী করে আদালতে চূড়ান্ত প্রতিবেদন দাখিল করেন মামলার তদন্তকারী কর্মকর্তা দামুড়হুদা থানার উপ-পরির্দশক তবারক আলী। পরে ১৩ জনের মধ্যে ১১ জনের স্বাক্ষ্য গ্রহণ শেষে আজ দুপুরে ওই রায় দেন বিচারক। যাবজ্জীবন কারাদন্ডপ্রাপ্ত আসামী রবিউল ইসলাম একই গ্রামের আজিজুল মন্ডলের ছেলে।

দামুড়হুদায় নাতির মোটরসাইকেল থেকে পড়ে নানির মৃত্য

দামুড়হুদায় নাতির মোটরসাইকেলের পিছন থেকে পাকা রাম্তার উপর পড়ে রওশনয়ারা বেগম (৬২)করুন মৃত্য হয়েছে। সে দামুড়হুদা উপজেলার দর্শনা থানার কুড়ালগাছি ইউনিয়নের আমডাঙ্গা গ্রামের আইয়ুব আলী মাস্টারের স্ত্রী।

জানাগেছে আজ বুধবার (১৩ সেপ্টেম্বর)সকাল সাড়ে ১০ টার দিকে নাতি ছেলে স্বপন মোটরসাইকেল যোগে নানি রওশনয়ারাকে চিকিৎসার জন্য বাড়ি থেকে বের হয়। পথিমধ্যে দামুড়হুদা উপজেলার কার্পাসডাঙ্গা ইউনিয়নের কেসমতপুর গ্রাম এবং সুবলপুর গ্রামের মাঝামাঝি মাঠের মধ্যে পাকা রাস্তার উপর পেছন থেকে পড়ে যায়। সাথে সাথে আশপাশের লোকজন আহত অবস্থায় উদ্ধার করে দামুড়হুদা উপজেলা স্বাস্থ্য কমপ্লেক্সে নিয়ে যাওয়ার পথিমধ্যে মারা যায়। তার মৃত্যতে ঐ গ্রামে নেমে এসেছে শোকের মাতম।

চুয়াডাঙ্গায় মৃত্যুদন্ডপ্রাপ্ত পলাতক আসামি গ্রেফতার

চুয়াডাঙ্গায় হত্যা মামলার মৃত্যুদন্ডপ্রাপ্ত পলাতক আসামি গ্রেফতার করেছে চুয়াডাঙ্গা সদর থানা পুলিশ।

আজ মঙ্গলবার দুপুরের দিকে এই হত্যা মামলার আসামি ফজলু রহমান ফজলু(৪৫) কে তার শ্বশুর বাড়ি থেকে গ্রেফতার করা হয়।

চুয়াডাঙ্গা পুলিশ সুপার আব্দুল্লাহ্ আল-মামুনের সার্বিক দিকনির্দেশনায় জেলার সকল থানা এলাকায় মাদক বিরোধী, ওয়ারেন্ট তামিলসহ বিভিন্ন অভিযান পরিচালিত হচ্ছে। তারই ধারাবাহিকতায় চুয়াডাঙ্গা বিজ্ঞ আদালত থেকে চুয়াডাঙ্গার সদর থানায় গ্রেফতারী পরোয়ানা প্রাপ্তির এই আসামি।

চুয়াডাঙ্গা সদর থানার অফিসার ইনচার্জ মাহাব্বুর রহমানের নেতৃত্বে এসআই(নিঃ) মাসুদ রানার সঙ্গীয় অফিসার এএসআই(নিঃ) আরাফাত শেখ তার সঙ্গীয় ফোর্সসহ আজ মঙ্গলবার চুয়াডাঙ্গা সদর পৌর হকপাড়া এলাকায় অভিযান পরিচালনা করেন। অভিযানে মৃত্যুদন্ডে দন্ডপ্রাপ্ত ওয়ারেন্টভুক্ত পলাতক আসামী চুয়াডাঙ্গার সদর হকপাড়ার ফজলুর রহমান ফজলু(৪৫) তার শ্বশুর সাহেব আলীর বাড়ী থেকে এই আসামিকে গ্রেফতার করা হয়। গ্রেফতারকৃত আসামিকে চুয়াডাঙ্গা বিজ্ঞ আদালতে সোর্পদ করা হয়েছে।

চুয়াডাঙ্গা-১ আসনে আফরোজা পারভীনের উঠান বৈঠক ও গণসংযোগ

চুয়াডাঙ্গা জেলা যুব মহিলা লীগের পক্ষ থেকে চুয়াডাঙ্গা-১ আসনে

পথসভা উঠান বৈঠক ও গণসংযোগ অনুষ্ঠিত হয়েছে।

আজ মঙ্গলবার বিকাল সাড়ে চারটার সময় চুয়াডাঙ্গা আলমডাঙ্গা উপজেলার চিৎলা ইউনিয়নে ইউনিয়ন যুব মহিলা লীগের সভাপতি ইউপি সদস্য ফিরোজা খাতুন এর আয়োজনে এই নির্বাচনী উঠান বৈঠক ও গণসংযোগ করেন চুয়াডাঙ্গা জেলা যুব মহিলা লীগের সভাপতি ও আগামী দ্বাদশ জাতীয় সংসদ নির্বাচনে চুয়াডাঙ্গা-১ আসনের নৌকার মনোনয়ন প্রত্যাশি আফরোজা পারভীন।

এ সময় তিনি বলেন, প্রধানমন্ত্রী শেখ হাসিনা মানুষের ভাগ্য উন্নয়নে দিন-রাত কঠোর পরিশ্রম করে যাচ্ছেন। বঙ্গবন্ধুকন্যা বিশ্বব্যাংককে চ্যালেঞ্জ করে নিজেদের অর্থায়নে পদ্মা সেতু নির্মাণ করে বাংলাদেশের সক্ষমতা দেখিয়ে দিয়েছেন। প্রধানমন্ত্রী শেখ হাসিনা সরকারের উন্নয়নের ধারাবাহিকতায় বিশ্বে বাংলাদেশ আজ রোল মডেল। দেশকে উন্নয়নের স্বর্ণ শিখরে পৌঁছাতে আগামী দিনেও প্রধানমন্ত্রী শেখ হাসিনার বিকল্প নেই।

আগামী সংসদ নির্বাচনে নৌকায় ভোট দিয়ে শেখ হাসিনার সরকারকে আবারো ক্ষমতায় আনতে ভোটারদের প্রতি আহ্বান জানান তিনি। গণসংযোগের সময় সরকারের উন্নয়ন কাজের চিত্র তুলে ধরে লিফলেট বিতরণ করা হচ্ছে।

এ সময় উপস্থিত ছিলেন চুয়াডাঙ্গা জেলা যুব মহিলা লীগের সহ-সভপতি পূর্ণিমা হালদার,যুগ্ম সাধারণ সম্পাদক আলিজা খাতুন,সদর উপজেলা যুব মহিলা লীগের সভাপতি-কাজলী আক্তার, সাংগঠনিক সম্পাদক সপ্না খাতুন চিনি, দামুড়হুদা উপজেলা ভাইস চেয়ারম্যান শাহেদা খাতুন ,আলমডাঙ্গা উপজেলার যুব মহিলা লীগের সভাপতি মনিরা খাতুন,সাধারণ সম্পাদক জাহানারা খাতুন, চুয়াডাঙ্গা পৌর ৯নং ওয়ার্ড সভাপতি-আরজিনা খাতুন, সাধারণ সম্পাদক বেবি, সাংগাঠনিক সম্পাদক মিতা রানী, ৬ নং ওয়ার্ড সভাপতি রুপালি, সাধারণ সম্পাদক ফাহিমা, ২নং ওয়ার্ড কমিটির অর্থ সম্পাদক শিউলি খাতুন, ছাত্রলীগ ও যুবলীগের নেতৃবৃন্দ রাতুল, সাকিব শেখ, মাহফুজ, আকাশ,কুতুব, রিপন,শাওন, সিফাত,জিরান,সেজান ও আওয়ামী লীগের নেতৃবৃন্দ সহ চুয়াডাঙ্গা জেলা ও আলমডাঙ্গা উপজেলা যুব মহিলা লীগের নেতৃবৃন্দ

জীবননগর উপজেলা সরকারি কর্মকর্তাদের সাথে ডিসির মতবিনিময়

চুয়াডাঙ্গার নবাগত জেলা প্রশাসক ড. কিসিঞ্জার চাকমার সঙ্গে মতবিনিময় করছেন জীবননগর উপজেলার সরকারি কর্মকর্তা, বীর মুক্তিযোদ্ধা, রাজনৈতিক নেতা ও সাংবাদিকেরা।

আজ মঙ্গলবার বিকেলে জীবননগর উপজেলা পরিষদের সভাকক্ষে এ মতবিনিময় সভার আয়োজন করা হয়।
সভায় উপজেলা পরিষদের চেয়ারম্যান হাজী মোঃহাফিজুর রহমান বলেন, দৌলৎগঞ্জ-মাজদিয়া স্থলবন্দর ১৯৬৫ সাল পর্যন্ত চালু ছিল। কর্মকর্তারা ১৯৭৫ সাল পর্যন্ত এ স্থলবন্দরের নামে বেতন পেয়েছেন। স্থলবন্দরটি সঙ্গে ভারতীয় দূরত্ব বাংলাদেশের যেকোনো স্থলবন্দরের থেকে কম।

জীবননগর উপজেলা নিবাহী অফিসার হাসিনা মমতাজের সভাপতিত্বে সভায় প্রধান অতিথির বক্তব্যে জেলা প্রশাসক কিসিঞ্জার চাকমা বলেন, চুয়াডাঙ্গা একটি সম্ভবনাময় জেলা। আমি জীবননগরসহ চুয়াডাঙ্গার চার উপজেলাকে সন্তানের মতো দেখি। আমি জীবননগরে আসার আগে ইউএনওকে দৌলৎগঞ্জ-মাজদিয়া স্থলবন্দরের বিষয়ে সরেজমিনে প্রতিবেদন দিতে বলেছিলাম। ইতিমধ্যে প্রতিবেদন পেয়েছি। আমি দৌলৎগঞ্জ-মাজদিয়া স্থলবন্দর চালুর বিষয়ে উর্ধতন কতৃপক্ষের সঙ্গে আলোচনা করব। তবে এ বিষয়ে আমাদের বন্ধু রাস্ট্র ভারতের আগ্রহ কেমন সেটি জানতে হবে।

সভায় বিশেষ অতিথি ছিলেন জীবননগর উপজেলা পরিষদের চেয়ারম্যান মো. হাফিজুর রহমান, উপজেলা পরিষদের ভাইস চেয়ারম্যান আব্দুস সালাম ঈসা, মহিলা ভাইস চেয়ারম্যান আয়েশা সুলতানা লাকী, জীবননগর উপজেলার সহকারী কমিশনার ভুমি তিথি মিত্, জীবননগর উপজেলা আওয়ামী লীগের সাবেক সভাপতি গোলাম মোর্তুজা, উপজেলা আওয়ামী লীগের সভাপতি নজরুল ইসলাম, সাধারণ মানুষের আবু মো. আব্দুল লতিফ অমল।

এ ছাড়া উপস্থিত ছিলেন ইউনিয়ন পরিষদের চেয়ারম্যান ও বিভিন্ন সরকারি দপ্তরের প্রধানরা।